

জার্মানীর Technische Hochschule Mittelhessen University of Applied Sciences (THM) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে গবেষণা সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



অদ্য (৬ এপ্রিল ২০২২- বুধবার, বেলা ২ টায়) জার্মানীর Technische Hochschule Mittelhessen University of Applied Sciences (THM) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনলাইন প্ল্যাটফর্ম জুমে অনুষ্ঠিত হয়।

জার্মানীর Technische Hochschule Mittelhessen University of Applied Sciences (THM) এর পক্ষে প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট Prof. Dr. Matthias Willems এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক চুক্তিতে স্বাক্ষর করেন।

কন্টাক্ট পার্সন হিসেবে THM এর পক্ষে অধ্যাপক ড. রহমাতুল্লাহ খন্দকার এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে পরিচালক (গবেষণা) অধ্যাপক ড. পরিমল বালা এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক উপস্থিত ছিলেন।

এসময়, THM-এর অন্যান্য সদস্য এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, লাইফ এন্ড আর্থ সায়েন্সস অনুষদের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান

খন্দকার, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, পরিচালক ছাত্র-কল্যাণ অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর-এর পরিচালক অধ্যাপক ড. চঞ্চল কুমার বোসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায়:- শিক্ষক ও শিক্ষার্থীর একাডেমিক ও বৈজ্ঞানিক সহায়তা বিনিময়; শিক্ষা, ব্যবহারিক প্রশিক্ষণ ও ইন্টানশিপের জন্য শিক্ষার্থী বিনিময়; বিশেষ স্বল্পমেয়াদী একাডেমিক প্রোগ্রাম ও শিক্ষার নতুন ক্ষেত্র (Form) তৈরি; গবেষণা প্রকল্পে সহযোগিতা ও পিএইচডি থিসিসের তত্ত্বাবধান করা; যৌথ গবেষণা কার্যক্রম ও গবেষণা প্রকাশনার উদ্যোগ গ্রহণ; পারস্পরিক সম্পর্কযুক্ত বিষয়ের উপর যৌথ সেমিনার, সম্মেলন বা কর্মশালার আয়োজন; প্রকাশনা, প্রতিবেদন, অন্যান্য একাডেমিক উপকরণ ও তথ্য বিনিময়সহ বিভিন্ন সুবিধা লাভ করবে THM এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা।